# যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ নবম প্রকার যাদু

রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আব্দুস সালাম বালী

দ্রুত বীর্যপাত হয়ে যাওয়া

অনেক সময় বিষয়টি স্বাভাবিক কারণে হয়ে থাকে যাদুর দ্বারা নয়। এমনটি হলে ডাক্তার দিয়ে চিকিৎসা করবে। সাধারণত ডাক্তারগণ নিম্নের নির্দেশনাগুলো মেনে চলতে বলে।

১ । এক ধরণের মলমের ব্যবহার যা পুরুষাঙ্গের অনুভূতিকে স্বাভাবিক করে দেয় ।

২। সহবাসের সময় অন্য কোন বিষয়ে ভাবতে থাকা বা অন্য মনস্ক হয়ে যাওয়া ।

৩। সহবাসের মুহূর্তে কঠিন হিসাব-নিকাশে মত্ত হয়ে যাওয়া। আবার কখনও শয়তানের প্রভাবে হয়ে থাকে যার চিকিৎসা নিম্নরূপঃ

১। ফজরের নামাযের পর এই কালেমা ১০০বার পড়বেঃ

لاَ إِلَهَ إِلَّا اللَّهُ، وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ، لَهُ المُلْكُ وَلَهُ الحَمْدُ، وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

২। শুয়ার পূর্বে সূরা মুলক শুনবে অথবা পড়বে।

৩। আয়াতুল কুরসী দৈনিক বেশি বেশি পড়বে।

৪ । নিম্নের দু'আ সকাল-সন্ধ্যা পড়বে অথবা কারো থেকে শুনবেঃ

بِسْمِ اللَّهِ الَّذِي لَا يَضُرُّ مَعَ اسْمِهِ شَيْءٌ فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ

উদ্ধৃত দু'আসমূহ দৈনিক তিনবার করে পড়বে।

এই চিকিৎসা তিন মাস পর্যন্ত চালাবে ইনশাআল্লাহ সুস্থ হয়ে উঠবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5956

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন